

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ২০, ২০২২

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ/০২ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ

নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০৬.২১-৪১।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালায় বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৬নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ০৭ (সাত) জন বিচার বিভাগীয় কর্মকর্তা-কে ভোটগ্রহণের পূর্বের দু’দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু’দিন অর্থাৎ ১৯ মার্চ, ২০২২ খ্রিঃ হতে ২৩ মার্চ, ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫ (পাঁচ) দিনের জন্য প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল:

“তফসিল”

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫	৬
১.	ভোলা	লালমোহন	বদরপুর	চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব মোঃ আলী হায়দার জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ভোলা

(৬৪৪১)

মূল্য : টাকা ৪.০০

ক্রম	জেলার নাম	উপজেলার নাম	ইউনিয়নের নাম	পদের নাম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল
১	২	৩	৪	৫	৬
২.	চট্টগ্রাম	সাতকানিয়া	কালিয়াইশ	৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও ৯নং সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব মাহমুদুল হক জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
৩.			কাঞ্চনা	চেয়ারম্যান, ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও ৩নং সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব ফারদিন মুস্তাকিম তাসিন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
৪.			খাগরিয়া	চেয়ারম্যান, ২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য, ৬নং ও ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব শাহরিয়ার ইকবাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম
৫.	গাইবান্ধা	গোবিন্দগঞ্জ	মহিমাগঞ্জ	চেয়ারম্যান, ১নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও ২নং সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব উপেন্দ্র চন্দ্র দাস সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা
৬.	বগুড়া	সারিয়াকান্দি	ফুলবাড়ী	৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও ৭নং সাধারণ ওয়ার্ডের সদস্য	বেগম অনন্যা রায় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বগুড়া
৭.	খাগড়াছড়ি	পানছড়ি	পানছড়ি	চেয়ারম্যান, ২নং ও ৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য এবং ৫নং ও ৮নং সাধারণ ওয়ার্ডের সদস্য	জনাব নাজমুল হোসেন চৌধুরী সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব (আইন)-এর web mail address ([ds\\_law@ecs.gov.bd](mailto:ds_law@ecs.gov.bd))-এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নাম :.....

ইউনিয়ন পরিষদের নাম :.....

ক্রম	জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর	অভিযোগকারীর নাম ও ঠিকানা	যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা	অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ	অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ
১	২	৩	৪	৫	৬

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হলো।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১ (এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সজ্জা নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ সুপার-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোছাঃ শাহীনুর আক্তার

সিনিয়র সহকারী সচিব (আইন-১)।